মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৭ নভেম্বর) দুপুরে ‘৭ নভেম্বরের চেতনায়, ঐক্যবদ্ধ বাংলাদেশ গড়ার প্রত্যয়ে’ প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি বিশ্ববিদ্যালয়ের সামনের এলাকা প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

পরে বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. তোজাম্মেল হোসেন। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মো. আতাউর রহমান।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. মো. তোজাম্মেল হোসেন বলেন, বাংলাদেশের ইতিহাসের প্রতিটি সংকটময় সময়ে জিয়া পরিবার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। স্বাধীনতার ঘোষণা থেকে শুরু করে দেশ পরিচালনা ও গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনে এ পরিবারের অবদান রয়েছে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান দেশের কঠিন সময়ে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পালন করেছেন।

পরবর্তী সময়ে দেশনেত্রী বেগম খালেদা জিয়া গণতন্ত্র ও মানুষের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে নেতৃত্ব দিয়েছেন। বর্তমানে তারেক রহমান দেশের মানুষের অধিকার, গণতন্ত্র ও জাতীয় ঐক্যের প্রশ্নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন।

তিনি আরও বলেন, বাংলাদেশের প্রতিটি সংকটে জিয়া পরিবার বারবার হাল ধরেছে, ইতিহাস তার সাক্ষী।

আলোচনা সভাটি সঞ্চালনা করেন ড. তারিক আজিজ।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে ইউজিসির উচ্চপর্যায়ের প্রতিনিধি দলের পরিদর্শন

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) ও ইংরেজি বিভাগ চালুর সম্ভাব্যতা যাচাইয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) পাঁচ সদস্যের একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেছে।

আজ শুক্রবার দুপুরে ইউজিসির সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আসলাম হোসেনের নেতৃত্বে প্রতিনিধি দলটি মেহেরপুর বিশ্ববিদ্যালয় পরিদর্শন করে। এ সময় তাঁরা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কক্ষ, ভৌত অবকাঠামো ও বিদ্যমান সুযোগ-সুবিধা ঘুরে দেখেন। পরিদর্শন শেষে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী কার্যালয়ের অবকাঠামো ও সুযোগ-সুবিধা দেখে সন্তোষ প্রকাশ করেন।

প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের প্রফেসর ড. জাকির, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ড. মো. কামরুল ইসলাম, ইউজিসির পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের অতিরিক্ত পরিচালক ড. মো. মহিবুল আহসান এবং সিনিয়র সহকারী পরিচালক মো. নুর ইসলাম চৌধুরী। এর আগে প্রতিনিধি দলটি মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে পৌঁছালে উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেন তাঁদের স্বাগত জানান।

পরিদর্শন শেষে ইউজিসির সদস্য ও প্রতিনিধি দলের প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আসলাম হোসেন বলেন, বিশেষজ্ঞদের সমন্বয়ে তাঁরা দুটি বিভাগ চালুর বিষয়ে বিশ্ববিদ্যালয়ের সক্ষমতা যাচাই করতে এসেছেন। সরেজমিনে পরিদর্শনে পাওয়া তথ্য ও পর্যবেক্ষণ প্রতিবেদনে উল্লেখ করা হবে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে প্রয়োজনীয় জায়গা ও অবকাঠামোগত সুযোগ-সুবিধা রয়েছে। বরং প্রয়োজনের তুলনায় জায়গার পরিমাণ বেশি থাকায় বিষয়টি তাঁদের ভালো লেগেছে। এছাড়া

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে কিছু পরামর্শ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির অধীনে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং ফ্যাকাল্টি অব আর্টসের অধীনে ইংরেজি বিভাগ চালুর লক্ষ্যে ইউজিসি এ বিশেষজ্ঞ কমিটি গঠন করে। কমিটির পরিদর্শন ও সুপারিশের ভিত্তিতে বিভাগ দুটি চালুর বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের জুলাই গণঅভ্যুত্থান দিবস পালন

৩৬ জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে র্যালি, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের একান্ত সচিব ড. মো. তারিক আজিজের সঞ্চালনায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেন। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ও অনুষ্ঠান আয়োজন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. আতাউর রহমান, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবীর, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ও শিক্ষক পরিষদের সম্পাদক কাউছার আলী এবং মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক রফিকুল আলম বকুল।

এছাড়া বক্তব্য দেন উপ-উপাচার্যের পিএস সৌরভ মজুমদার, হিসাবরক্ষণ কর্মকর্তা আবু সাঈদ এবং সেকশন অফিসার কাজী মইনুল হক। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয় থেকে একটি র্যালি বের হয়ে কলেজ মোড়ে অবস্থিত ৩৬ জুলাই স্মৃতিসৌধে গিয়ে পুষ্পস্তবক অর্পণ করে।

আলোচনা সভায় উপ-উপাচার্য প্রফেসর ড. আতাউর রহমান ভাষা আন্দোলন, ১৯৬৯-এর গণঅভ্যুত্থান, মহান মুক্তিযুদ্ধ, ১৯৯০-এর স্বৈরাচারবিরোধী আন্দোলন এবং ২০২৪ সালের গণঅভ্যুত্থানে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, দেশের মানুষের অধিকার প্রতিষ্ঠায় শিক্ষক-শিক্ষার্থীসহ সাধারণ মানুষ সবসময় সংগ্রাম করেছে এবং ভবিষ্যতেও গণতন্ত্র ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় ঐক্যবদ্ধ থাকতে হবে।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেন বলেন, “জুলাই চেতনায় গড়ব দেশ, সবার আগে বাংলাদেশ।” তিনি বলেন, অন্যায়-অবিচারের বিরুদ্ধে দেশের মানুষ সবসময় রুখে দাঁড়িয়েছে এবং ভবিষ্যতেও গণতন্ত্র, সুশাসন ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় সবাইকে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্ব পালন করতে হবে। তিনি শিক্ষার্থীদের লেখাপড়ায় মনোযোগী হওয়ার আহ্বান জানান এবং শিক্ষকদের শিক্ষার্থীদের সঙ্গে অভিভাবকসুলভ সম্পর্ক গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠান শেষে গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের স্মরণে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

৫ আগস্ট উপলক্ষে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের প্রস্তুতি সভা

আগামী ৫ আগস্ট ২০২৬ জুলাই গণঅভ্যুত্থান দিবসের ২য় বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্যাপনের লক্ষ্যে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সভায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. তোজাম্মেল হোসেনের সভাপতিত্বে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা অংশ নেন। সভায় দিবসটি উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ৫ আগস্ট পর্যন্ত অফিস চলাকালীন

বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীরা লাল ব্যাজ ধারণ করবেন।

এছাড়া ৫ আগস্ট সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের জুলাই স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এরপর সকাল ১০টা ৪৫ মিনিটে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হবে।

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে ডুয়ামের শুভেচ্ছা

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেনের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (ডুয়াম) মেহেরপুরের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে উপাচার্যের কার্যালয়ে ডুয়ামের পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। মুজিবনগর সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবং মেহেরপুর জেলায় কর্মরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠন ‘ঢাবিয়ান’ এর সভাপতি ইসমাইল হোসেনের নেতৃত্বে প্রতিনিধিদলটি উপাচার্যের সঙ্গে সাক্ষাৎ করেন।

এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক ও মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ফুয়াদ খান, সহ-সভাপতি নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক হাসনাইন খুরশিদ, সাংস্কৃতিক সম্পাদক আনোয়ারুল ইসলাম, নির্বাহী সদস্য জুলফিকার আলী, সদস্য ছারছেদ আহমেদসহ অন্যান্য সদস্যরা।

সাক্ষাৎকালে মেহেরপুর জেলায় কর্মরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠনের কার্যক্রম নিয়ে মতবিনিময় করা হয়। এ সময় উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেন সংগঠনকে আরও কার্যকর করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল সাবেক শিক্ষার্থীকে সংগঠনের সঙ্গে সম্পৃক্ত করা এবং বিভিন্ন কর্মসূচির মাধ্যমে সংগঠনের কার্যক্রম আরও গতিশীল করার আহ্বান জানান।

উল্লেখ্য, মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেনও ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন সাবেক শিক্ষার্থী।

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য ড. মো তোজাম্মেল হোসেন

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভাইস-চ্যান্সেলর) হিসেবে ড. মোঃ তোজাম্মেল হোসেনকে নিয়োগ দিয়েছে সরকার। রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের অনুমোদনক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে।

প্রজ্ঞাপন অনুযায়ী, ড. মো তোজাম্মেল হোসেন বর্তমানে ইসলামী বিশ্ববিদ্যালয়-এর আরবি ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক হিসেবে কর্মরত রয়েছেন। মেহেরপুর বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩ (সংশোধিত-২০২৫)-এর ১০(১) ধারা অনুযায়ী তাঁকে এ নিয়োগ প্রদান করা হয়েছে।

নিয়োগের শর্তে বলা হয়েছে, যোগদানের তারিখ থেকে চার বছর অথবা অবসর গ্রহণের তারিখের মধ্যে যেটি আগে হবে, ততদিন তিনি উপাচার্য পদে দায়িত্ব পালন করবেন। এর আগে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন দায়িত্ব পালন করেছেন৷

দুটি বিষয় অনুমোদনের চিঠি পেল মেহেরপুর বিশ্ববিদ্যালয়

বহুল প্রতীক্ষিত মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম চালু করার লক্ষ্যে দুটি বিষয়ে অনুমোদনের চিঠি বিশ্ববিদ্যালয়

মঞ্জুরি কমিশন (ইউজিসি) থেকে মেহেরপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে।

রবিবার দুপুরের পর ইউজিসির ম্যানেজমেন্ট অনুবিভাগের পাবলিক বিশ্ববিদ্যালয় শাখার অতিরিক্ত পরিচালক ড. মহিবুল আহসান স্বাক্ষরিত চিঠি মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়।

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শেখ বখতিয়ার উদ্দীন এ বিষয়ে বলেন, “দীর্ঘদিনের চেষ্টার ফসল আজকের এই চিঠি। এই চিঠি হাতে পাওয়ার ফলে এখন বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম চালুর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।”

তিনি এ সময় জেলার সকল শ্রেণি-পেশার মানুষের সহযোগিতা কামনা করেন।

ইউজিসি কর্তৃক অনুমোদিত দুটি বিষয় হলো Faculty of Engineering and Technology অনুষদের অধীনে: Computer Science & Engineering (CSE) Faculty of Arts অনুষদের অধীনে: English Language & Communication Studies.

চিঠিতে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম চালুর প্রস্তুতি সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন (রিপোর্ট) দাখিল করার নির্দেশনাও দেওয়া হয়েছে।

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে অনুমোদন পেল দুটি সাবজেক্ট

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে অনুমোদন পেয়েছে দুটি সাবজেক্ট।

গতকাল শুক্রবার মেহেরপুর আইটি ট্রেনিং ও ইন্টিগ্রেশন সেন্টার এর উদ্বোধনী মতবিনিময় সভায় মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. শেখ বখতিয়ার উদ্দীন এ কথা বলেন।

অনুমোদিত সাবজেক্ট দুটি হল, Computer Science & Engineering

(CSE) এবং English Language & Communication Studies.

মহান বিজয় দিবস উপলক্ষে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে দোয়া মাহফিল

মহান বিজয় দিবস উপলক্ষে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। যাঁদের আত্মত্যাগের বিনিময়ে মহান বিজয় অর্জিত হয়েছে, তাঁদের প্রতি গভীর শ্রদ্ধা জানাতে এ কর্মসূচির আয়োজন করা হয়।

মঙ্গলবার (১৬ ডিসেম্বর) সকাল ১১টার দিকে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী কার্যালয়ের গেস্ট হাউসে এই আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন বলেন, আমাদের সবাইকে দল-মত নির্বিশেষে কাঁধে কাঁধ মিলিয়ে একটি নতুন বাংলাদেশ এই জাতিকে উপহার দিতে হবে। এমন একটি বাংলাদেশ গড়ে তুলতে হবে পরবর্তী প্রজন্মের জন্য, যেখানে কোনো বৈষম্য থাকবে না, মানুষের জীবনে থাকবে নিরাপত্তা, অর্থনীতি হবে সুসংহত ও স্থিতিশীল, এবং সব সম্প্রদায়ের মানুষ মিলেমিশে শান্তিপূর্ণভাবে বসবাস করতে পারবে। আজকের এই মহান বিজয় দিবসে এটাই হোক আমাদের প্রত্যাশা।

এছাড়াও এসময় বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের পরিচালক (অর্থ ও হিসাব) মোস্তাক আহমেদ ও কলেজ শিক্ষক মো. রফিকুল আলম বকুল।

তারা বলেন, মহান বিজয় দিবস আমাদের আত্মপরিচয়ের প্রতীক। জাতির শ্রেষ্ঠ সন্তানদের আত্মত্যাগ স্মরণ করে তাদের আদর্শ ধারণ করেই আমাদের সামনে এগিয়ে যেতে হবে।

মুক্তিযুদ্ধের ইতিহাস জানা ও তা লালন করা আমাদের নৈতিক দায়িত্ব। বিজয় দিবস আমাদের ঐক্য, সাহস ও ত্যাগের শিক্ষা দেয়।
আলোচনা সভা শেষে মহান মুক্তিযুদ্ধে শহীদ বীর মুক্তিযোদ্ধা ও জাতির কল্যাণ কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে প্রস্তুতি সভা

আগামী ৫-ই আগষ্ট ” জুলাই গণঅভ্যুত্থান দিবস ” উৎযাপন উপলক্ষ্যে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন এর সভাপতিত্বে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় ” জুলাই গণঅভ্যুত্থান দিবস ” যথাযথভাবে উৎযাপনের লক্ষ্যে নিম্নলিখিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আগামী ০৫ -ই আগষ্ট সকাল ১০ টা জুলাই স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ ও সকাল ১১ টা আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান করার সিদ্ধান্ত গৃহীত হয়।